

ওছখালী খান সাহেব হৈয়দিয়া সরকারি উচ্চ বিদ্যালয়
হাতিয়া, নোয়াখালী।

নোটিশ

তারিখঃ ০৯ আগস্ট ২০২৬

এতদ্বারা অত্র বিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে,শ্রেণিকক্ষে, বিদ্যালয় প্রাঙ্গণে, বিদ্যালয়ে আসা-যাওয়ার পথে, বিদ্যালয়ের আশপাশে, সামাজিক যোগাযোগমাধ্যমে অথবা অন্য কোনো স্থানে কোনো শিক্ষার্থী কর্তৃক অন্য কোনো শিক্ষার্থী বা ব্যক্তিকে উত্যাক্ত করা, অশালীন মন্তব্য করা, অজ্ঞাভঙ্গি করা, কটুভক্তি করা, অনুসরণ করা, অনৈতিক প্রস্তাব দিয়ে বিরক্ত করা, ভয়ভীতি প্রদর্শন করা, মোবাইল ফোন বা সামাজিক যোগাযোগমাধ্যমের মাধ্যমে অশালীন/আপত্তিকর বার্তা, ছবি বা ভিডিও প্রেরণ করা কিংবা যেকোনো ধরনের যৌন হয়রানি করা গুরুতর শৃঙ্খলাভঙ্গ ও ইভটিজিং হিসেবে গণ্য হবে।

এ ধরনের কর্মকাণ্ড বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ, শৃঙ্খলা ও নিরাপত্তার পরিপন্থী। তাই কোনো শিক্ষার্থী এ ধরনের কর্মকাণ্ডে জড়িত হলে ঘটনার গুরুত্ব, প্রকৃতি ও প্রমাণের ভিত্তিতে বিদ্যালয়ের প্রচলিত শৃঙ্খলা বিধান অনুযায়ী লিখিত সতর্কীকরণ, অভিভাবককে অবহিতকরণ, সাময়িকভাবে বিদ্যালয় থেকে বহিষ্কার, তদন্তসাপেক্ষে বিদ্যালয় কর্তৃপক্ষের বিধিসম্মত অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

এছাড়া, কোনো ঘটনা প্রচলিত আইন বা ফৌজদারি অপরাধের আওতাভুক্ত হলে বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ/আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট অবহিত করা হবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

সকল শিক্ষার্থীকে এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে এবং সহপাঠীসহ সকলের প্রতি শালীন, সম্মানজনক ও দায়িত্বশীল আচরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। কোনো শিক্ষার্থী ইভটিজিং বা হয়রানির শিকার হলে বিষয়টি গোপন না রেখে বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শ্রেণি শিক্ষক বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

বিশেষভাবে উল্লেখ্য: ইতিমধ্যে বিদ্যালয়ের সিসিটিভি ফুটেজ থেকে কিছু ভিডিও আমাদের হাতে রয়েছে। ইভটিজিং বা যৌন হয়রানির কোনো ঘটনা কোনোভাবেই প্রশ্রয় দেওয়া হবে না এবং অভিযোগ প্রমাণিত হলে ঘটনার গুরুত্ব অনুযায়ী কঠোর ও বিধিসম্মত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোহাম্মদ আরিফুল মাওলা)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

ওছখালী খান সাহেব হৈয়দিয়া সরকারি উচ্চ বিদ্যালয়

হাতিয়া, নোয়াখালী।

PERSONAL DETAILS

Name:

Index No:

Father's Name:

Mother's Name:

Date of Birth:

Joining Date:

MPO Date:

Religion:

Subject Name:

Designation (Subject):

Educational Information:

Image

CONTACT DETAILS

Present Address:

Parmanent Address:

Contact No:

NID:

Scale Of Salary:

Code Of Salary:

Email:

PERSONAL DETAILS

Name:

Index No:

Father's Name:

Mother's Name:

Date of Birth:

Joining Date:

MPO Date:

Religion:

Designation:

Education:

Image

CONTACT DETAILS

Present Address:

Parmanent Address:

Contact No:

NID:

Scale Of Salary:

Code Of Salary:

Email: